Members holding shares either in physical form or in dematerialized form, as on cut-off date of Friday, 11th September, 2026 may cast their vote electronically on the Ordinary and Special Business(es) as set out in the Notice of the 41st AGM through electronic voting system of CDSL. The Notice of AGM was sent electronically on 27th August, 2026. The remote e-voting shall commence on Monday, 14th September, 2026 at 9:00 a.m. IST and ends on Thursday, 17th September, 2026 at 5:00 p.m. IST. The remote e-voting module shall be disabled for voting after 5:00 p.m. on 17th September, 2026 and once the vote is cast by the member, the member shall not be entitled to change it subsequently.

Persons who have acquired shares and have become Member after sending of Notice and holding shares as on cut-off date i.e. 11th September, 2026, may follow the same instructions for e-voting as mentioned in the notice of AGM. Any Member who has exercised his right of vote through remote e-voting will be entitled to attend 41st AGM but will not be entitled to vote again in the meeting.

In accordance with the relevant circulars, the Notice of the 41st AGM and the Integrated Annual Report for the financial year 2025-26 comprising Financial Statements, Board's Report, Auditor's Report and other document sent by email to all those members, whose email address are registered with the Depository Participant(s) and / or RTA. The same is also available on the website of the Company www.aisglass.com and on the website of CDSL at www.evotingindia.com. The aforesaid documents are also available on website of Stock Exchanges i.e. BSE Limited and National Stock Exchange of India Limited at www.bseindia.com and www.nseindia.com respectively.

Further, in accordance with Regulation 36(1)(b) of the Listing Regulations, a letter providing a web-link and QR Code for accessing the Integrated Annual Report for the Financial Year 2025-26 and Notice of 41st Annual General Meeting of the Company has been sent to those shareholders whose email addresses are not registered with the Company / Registrar to an Issue and Shares Transfer Agent / Depositories.

Helpdesk for Individual Shareholders holding securities in demat mode for any technical issues related to login through Depository i.e. CDSL and NSDL

Login type	Helpdesk details
Individual Shareholders holding securities in Demat mode with **CDSL**	Members facing any technical issue in login can contact CDSL helpdesk by sending a request at helpdesk.evoting@cdslindia.com or contact at toll free no. 1800 21 09911.
Individual Shareholders holding securities in Demat mode with **NSDL**	Members facing any technical issue in login can contact NSDL helpdesk by sending a request at evoting@nsdl.co.in or call at toll free no.: 022 - 4886 7000 and 022 - 2499 7000.

To enable participation in the remote e-voting process by those shareholders to whom the Notice of the AGM could not be dispatched, may temporarily get their email ID registered at Company's email ID investorrelations@aisglass.com.

It is clarified that for permanent registration of email address, the members are however requested to register their email address, in respect of electronic holdings with the Depository through the concerned Depository Participants and in respect of physical holdings with the Company's Registrar to an Issue and Share Transfer Agent, MUFG Intime India Private Limited.

Manner of casting vote(s) through e-voting: The Company is providing remote e-voting facility ("remote e-voting") to all its members to cast their votes on all the resolutions set out in the Notice of AGM. The Company is also providing the facility of voting through e-voting system during the AGM ('e-voting') to those members who could not cast their vote(s) by remote e-voting. The detailed procedure for e-voting before the AGM ("remote e-voting"), as well as during the AGM ('e-voting') and participation in the AGM through VC / OAVM, has been provided in the Notes to the Notice of the AGM.

Members are requested to carefully read all the Notes set out in the Notice of the AGM and in particular, instructions for joining the AGM and manner of casting votes through e-voting.

Registration of Bank Details for physical shareholders:

The Members of the Company holding Equity Shares of the Company in physical form and who have not registered their bank details can get the same registered with MUFG Intime India Pvt. Ltd. (Email ID: investor.helpdesk@in.mpms.mufg.com). The members are requested to provide details such as Name, Folio Number, Certificate Number, PAN, Email ID along with the copy of the cheque leaf with the first named Shareholder's name imprinted in the face of the cheque leaf containing bank name and branch, type of account, bank account number, MICR details and IFSC code in PDF or JPEG format. It is very important that the shareholder should submit the request letter duly signed. Registrar to an Issue and Share Transfer Agent will verify the documents provided and will only take on records for all valid cases.

Pursuant to provisions of Section 91 of the Act and Regulation 42 of the Listing Regulations, the Company has fixed Friday, 11th September, 2026 as the Record Date, for taking record of the Member of the Company for the purpose of 41st Annual General Meeting ("AGM") of the Company and payment of Dividend, if declared at the AGM.

For **Asahi India Glass Limited**
Sd/-
Gopal Ganatra
Executive Director
General Counsel & Company Secretary
Membership No. F7090

Date: 27th August, 2026
Place: Gurugram

সম্পাদকীয়

আদালতের সিদ্ধান্ত সাধারণ যাত্রীদের রেলযাত্রা আরও নিশ্চিন্ত ও নিরাপদ করবে

রেল দুর্ঘটনায় এদেশে নিরীহ যাত্রীদের মৃত্যুর ঘটনা কম নয়। নিয়ম মেনে দুর্ঘটনায় মৃত বা আহত যাত্রীদের ক্ষতিপূরণ দেয় রেল। সেই ক্ষতিপূরণ নিয়েই এবার বড়সড় নির্দেশ দিয়েছে আদালত। কলকাতা হাইকোর্টের সেই নির্দেশে কিছুটা হলেও নিশ্চিন্ত হয়েছেন সাধারণ রেলযাত্রীরা। তাদের নিরাপদ রেলযাত্রা নিশ্চিত করতে এই রায় অত্যন্ত কার্যকরি হবে বলেই মনে করা হচ্ছে। কোনও রেল দুর্ঘটনায় মৃত যাত্রীর কাছ থেকে টিকিট উদ্ধার না হলেই যে তিনি বিনা টিকিটে ভ্রমণ করছিলেন, এমন সিদ্ধান্তে আসা যায় না। সম্প্রতি রেল দুর্ঘটনার ক্ষতিপূরণ সংক্রান্ত এক মামলায় এমনই তাৎপর্যপূর্ণ পর্যবেক্ষণ কলকাতা হাইকোর্টের। শুধু তাই নয়, রেলওয়ে ক্লেমস ট্রাইব্যুনালের একটি রায়ের বিরুদ্ধে দায়ের হওয়া আপিল মামলায়, ওই ট্রাইব্যুনাল মৃতের পরিবারকে ক্ষতিপূরণ দিতে অস্বীকার করেছিল। সেই রায়কেও খারিজ করে দিয়েছে হাইকোর্ট। আদালতের নির্দেশ, নিয়ম মেনেই ক্ষতিগ্রস্ত পরিবারকে ক্ষতিপূরণ দিতে বাধ্য রেলওয়ে। আদালত আরও বলেছে, দুর্ঘটনার পর বিশৃঙ্খল পরিস্থিতিতে টিকিট হারিয়ে যাওয়া বা নষ্ট হয়ে যাওয়া অস্বাভাবিক নয়। শুধুমাত্র টিকিট পাওয়া যায়নি, এই যুক্তিতে রেল কর্তৃপক্ষ কারও ক্ষতিপূরণ পাওয়ার দাবি খারিজ করতে পারে না। যাত্রী বৈধ টিকিটে ভ্রমণ করছিলেন কি না, তা অন্যান্য ও পারিপার্শ্বিক প্রমাণ থেকেও বিচার করা যায়। এসব ক্ষেত্রে সেই সব বিষয়গুলি খতিয়ে দেখে তবে সিদ্ধান্তে আসতে হবে। এই রায়ের ফলে আগামী দিনে রেল দুর্ঘটনায় ক্ষতিগ্রস্ত পরিবারগুলির ক্ষতিপূরণ পাওয়ার পথ আরও প্রশস্ত হল বলেই মনে করছে আইনজীবীমহল। সেই সঙ্গে রেল দুর্ঘটনার ক্ষতিপূরণ নিয়ে একাধিক সমস্যারও সমাধানের রাস্তা দেখিয়ে দিয়েছে আদালত। আদালতের এই নির্দেশের ফলে যাত্রীস্বার্থ আরও সুরক্ষিত হওয়ার পাশাপাশি রেলের তরফেও দায়িত্ব আরও বাড়ল। যাত্রীদের নিরাপদ যাত্রা উপহার নিশ্চিত করতে রেলকে আরও তৎপর হতে হবে। কারণ, মনে রাখতে হবে, ভারতীয় রেল দেশের লাইফলাইন। একে আরও নিরাপদ ও নিশ্চিন্ত করতে হবে আম জনতার জন্য। এই রায় রেলকে সেই পথে আরও একধাপ এগিয়ে দিলে সেটাই বড় পাওনা।

হিমালয়ের ভঙ্গুরতা ও ভোটেকোশী নদীর রুদ্ররূপ ধারণ

শুভজিৎ বসাক

নেপালের উত্তর দিকের রসুয়া জেলায় তিব্বত ও নেপাল সীমান্তের জিরু ল্যান্ডপোর্টের কাছে ভোটকোশি নদীর অববাহিকায় সম্প্রতি ঘটে যাওয়া আকস্মিক হড়পা বান মানবসভ্যতার চরম ভঙ্গুরতাকে পুনরায় স্পষ্ট করে তুলেছে। আমরা প্রযুক্তি আর আধুনিকতায় যতটাই বলিষ্ঠ হই না কেন, প্রকৃতির রুদ্ররূপ আর পর্বতীয় ভূপ্রকৃতির চরম অনিশ্চয়তার সামনে মানুষ কতটা ক্ষুদ্র ও অসহায়; এই ঘটনা যেন তারই এক করুণ নিদর্শন। বিভিন্ন সমাজমাধ্যমে প্রচারিত শিউরে ওঠা ফুটেজে দেখা গিয়েছে, পাহাড়ের ওপর থেকে প্রচণ্ড গর্জনে নেমে আসছে কাদা, বরফ, বিশাল পাথর ও প্রলয়ঙ্করী জলস্রোত। মুহূর্তের মধ্যে তা গ্রাস করে নেয় সীমান্ত এলাকার বহুতল ভবন, জলবিদ্যুৎ কেন্দ্র, সেতু এবং দীর্ঘদিনের নির্মিত সংযোগ পরিকাঠামো। মাটি থেকে প্রায় ২০-৩০ ফুট ওপরে বসানো শক্তপোক্ত সিসিটিভি ক্যামেরাও কয়েক সেকেন্ডে তলিয়ে যায় কাদা-জলের তোড়ে। চোখের পলকে গোটা এলাকা রূপান্তরিত হয় এক মহাশ্মশানে। এই বিপর্যয় কেবল একটি নির্দিষ্ট অঞ্চলের আকস্মিক স্থানীয় ঘটনা নয়, বরং এটি হিমালয় পর্বতমালার জটিল ভূতাত্ত্বিক গঠন এবং পরিবর্তনশীল বৈশ্বিক আবহাওয়ার এক ভয়ঙ্কর ও বাস্তব প্রতিফলন।

ভূতাত্ত্বিক দৃষ্টিকোণ থেকে বিচার করলে দেখা যায়, হিমালয় হলো পৃথিবীর সর্বকনিষ্ঠ ও সর্বাধিক সক্রিয় পর্বতমালা। ভারতীয় ও ইউরেশীয় টেকটোনিক প্লেটের ক্রমাগত সংঘর্ষের ফলে এই অঞ্চলের শিলাস্তর অত্যন্ত ভঙ্গুর এবং ভূকম্পনপ্রবণ। নেপালের ভূপ্রকৃতি অত্যন্ত খাড়া ও চ্যুতিপ্রবণ হওয়ায় চরম বৃষ্টিপাত বা অন্যান্য প্রাকৃতিক কারণে জমা হওয়া বিপুল জলরাশি সহজে সমতলে ছড়িয়ে পড়ার সুযোগ পায় না। ফলে তা সংকুচিত পাহাড়ি উপত্যকা দিয়ে তীব্র গতিতে নদীর তাণ্ডবরূপী প্রবাহে পরিণত হয়। সাম্প্রতিক এই বিপর্যয়ের পেছনে ভূকম্পনজনিত ভূমিস্খলন অন্যতম প্রধান ভূমিকা পালন করেছে। তথ্যসূত্রে জানা যায়, বিপর্যয়ের দিন সকালে তিব্বতে সৃষ্ট ৪.৯ মাত্রার ভূকম্পনের জেরে পাহাড়ি ঢালে তীব্র তুষারধস ও ভূমিস্খলন ঘটে। এই বিশাল শিলাখণ্ড ও কাদার স্তূপ ভোটকোশি নদী বা তার কোনো উপনদীর গতিপথ সাময়িকভাবে অবরুদ্ধ করে একটি প্রাকৃতিক বাঁধ বা কৃত্রিম হ্রদ তৈরি করেছিল। পরবর্তীকালে জলের ক্রমবর্ধমান চাপে সেই বাঁধ মুহূর্তের মধ্যে ভেঙে যাওয়ায় সঞ্চিত বিপুল জলরাশি দানবীয় শক্তিতে নিম্নাঞ্চলে আছড়ে পড়ে।

এছাড়াও হিমালয় অঞ্চলে হিমবাহ হ্রদ বিস্ফোরণজনিত বন্যা বা 'GLOF' (Glacial Lake Outburst Flood) এবং 'সুপ্রা-গ্ল্যাসিয়াল লেক' বা হিমবাহের ওপর গড়ে ওঠা অনিয়ন্ত্রিত হ্রদের পাড় ভাঙার সম্ভাবনাকে ভূতত্ত্ববিদরা অন্যতম প্রধান কারণ হিসেবে চিহ্নিত করছেন। বৈশ্বিক উষ্ণায়নের প্রভাবে হিমালয়ের বিশাল বিশাল হিমবাহগুলো দ্রুত গলছে এবং অনাকাঙ্ক্ষিত নতুন নতুন হ্রদ সৃষ্টি হচ্ছে। বরফ ও মোরেইনের দুর্বল প্রাকৃতিক বাঁধে আটকে থাকা এই বিপুল জলরাশি অতিবৃষ্টি কিংবা ভূকম্পনের সামান্য ধাক্কাতেই ভেঙে পড়ে চরম তাণ্ডব শুরু করে। একই সাথে মানবসৃষ্ট অপরিকল্পিত পরিকাঠামো নির্মাণ, অনিয়ন্ত্রিতভাবে পাহাড় কেটে রাস্তা তৈরি, বনাঞ্চল ধ্বংস এবং লাগামহীন জলবিদ্যুৎ প্রকল্পের বিস্তার পাহাড়ি ঢালগুলোর প্রাকৃতিক ভারসাম্য ও স্থিতিশীলতা সম্পূর্ণ বিনষ্ট করছে। মানুষ ভেবেছিল সে প্রযুক্তি দিয়ে পাহাড় ও নদীকে বশ করেছে, কিন্তু প্রকৃতির একটিমাত্র ঝাঁকুনিতেই মানুষের সেই অহংকার চুরমার হয়ে গেল।

নেপালের ভৌগোলিক অবস্থান অনুযায়ী ভোটকোশি নদী তিব্বত থেকে উৎপন্ন হয়ে নেপালের ত্রিশূলী নদী ব্যবস্থার সাথে মিশেছে এবং পরবর্তীতে ভারতের প্রধান নদী অববাহিকায় প্রবেশ করেছে। ফলে এই হড়পা বান কেবল একটি স্থানীয় ভৌগোলিক বিপর্যয় নয়, এটি সীমান্ত পেরিয়ে আন্তঃদেশীয় পরিবেশগত ও মানবিক সংকটের সৃষ্টি করেছে। জলবায়ু পরিবর্তনের দরুন অতিবৃষ্টি, তুষারধস, হিমবাহ গলে যাওয়া এবং ভূমিকম্পের মতো একাধিক প্রাকৃতিক বিপদের ক্যাসকেড ইফেক্ট বা শৃঙ্খল প্রতিক্রিয়া মারাত্মকভাবে বৃদ্ধি পেয়েছে। এই ভয়াবহ ঘটনার সবচেয়ে আশঙ্কাজনক দিকটি হলো; পূর্বাভাব বা সতর্ক হওয়ার মতো বিন্দুমাত্র সময় না মেলা। মানুষ প্রযুক্তির চাক্ষুষ প্রমাণ হিসেবে সিসিটিভি ক্যামেরা বসাতে পেরেছে ঠিকই, কিন্তু প্রকৃতির এই প্রলয় থামানোর কোনো ক্ষমতা তার ছিল না।

কয়েক মিনিটের ব্যবধানে হাজারো মানুষের জীবন ও অর্জিত সম্পত্তি ধ্বংস করে দেওয়া এই হড়পা বান প্রমাণ করে যে, প্রকৃতির ভয়াল ক্ষমতার সামনে আমরা কতটা ক্ষুদ্র ও অসহায়। হিমালয়ের মতো অতিসংবেদনশীল এলাকায় পরিবেশগত ভারসাম্য বজায় রাখা এবং আগাম বিপর্যয় ব্যবস্থাপনা পরিকাঠামোকে ঢেলে সাজানোই এখন সকল সভ্য মানুষের একমাত্র করণীয়।

শব্দছক ২৫৪

রবি দাস



পাশাপাশি: ১. জয়ের অভাব ৫. অশ্রু ৮. চেহারা ৯. শক্তি ১২. জনশূন্য বিশাল অঞ্চল ১৩. হেনস্তা ১৫. ভুল বকা ১৬. পুষ্পে গাঁথা হার ১৭. শামুক গেঁড়ি প্রজাতীয় ১৮. বাংলা প্রদেশের সমার্থক ১৯. সরু হাত লাঠি ২০. শোওয়া

ওপর-নিচ: ২. প্রবল বন্যায় মানুষজনের অবস্থা ৩. নবগ্রহের সংখ্যা (পূর্বতন) ৪. শিকারী পক্ষী ৫. নতুন বউ ৬. আকাশ ৭. রামের পুত্র ১০. বক্র ১১. অনুকূল ১২. জলপাইগুড়ি শহরের কাছাকাছি এক শহর ১৩. সরু নর্দমা ১৪. গরমমশলার একটি পদ ১৬. মর্দন ১৮. অরণ্য

সমাধান ২৫৩ — পাশাপাশি: ২. অসময় ৫. লবঙ্গ ৭. ঝড় ৮. ঢাক ৯. নরকঙ্কাল ১১. হাত ১২. দর ১৩. চাঙ্গা ১৪. কর্ম ১৬. দলমাদল ১৮. সাল ১৯. লতা ২০. মধুপ ২১. প্রজাপতি

ওপর-নিচ: ১. জলঢাকা ২. অঙ্গ ৩. ময়ূর ৪. মোড়ল ৬. বক ৭. ঝঙ্কার ৯. নত ১০. কদম ১১. হাঙ্গামা ১৩. চালতা ১৪. কল ১৫. জলপথ ১৬. দলমা ১৭. দরজা ১৮. সাধু ২০. মতি

আজকের দিন

■ ১৯৩৭ — কিচিরো টয়োডা কর্তৃক টয়োটা মোটর কর্পোরেশন একটি স্বাধীন কোম্পানি হিসেবে প্রতিষ্ঠিত হয়।

■ ১৯৫৫ — এমেট টিলকে মিসিসিপিতে অপহরণ করে হত্যা করা হয়, এই বর্বর ঘটনাটি আমেরিকার নাগরিক অধিকার আন্দোলনকে উজ্জীবিত করে।

জন্মদিন



১৮২৮ *বিশিষ্ট সন্ন্যাসী স্বামী অদ্বৈতানন্দের জন্মদিন।*

১৮৫৫ *বিশিষ্ট কবি ও সমাজসেবী স্বর্ণকুমারী দেবীর জন্মদিন।*

১৯২৮ *বিশিষ্ট রাজনীতিবিদ অম্বিকা বন্দ্যোপাধ্যায়ের জন্মদিন।*

স্বর্ণকুমারী দেবী

SBI

স্টেট ব্যাঙ্ক অফ ইন্ডিয়া
আরএএসএমইসিসিসি-কাম এসএআরসি (১০২৬৪) ৩য় ফ্লোর, মিউনিসিপ্যাল হকার্স মার্কেট, বর্ধমান (৭১৩১০১)

দখল বিজ্ঞপ্তি (স্থাবর সম্পত্তির জন্য) [রুল-৮(১)]

যেহেতু
নিম্নস্বাক্ষরকারী **স্টেট ব্যাঙ্ক অফ ইন্ডিয়ার** অনুমোদিত আধিকারিক হিসেবে সিকিউরিটাইজেশন অ্যান্ড রিকনস্ট্রাকশন অফ ফিনান্সিয়াল অ্যাসেটস অ্যান্ড এনফোর্সমেন্ট অফ সিকিউরিটি ইন্টারেস্ট অ্যাক্ট, ২০০২ (২০০২-এর অ্যাক্ট ৫৪) অধীনে এবং সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস, ২০০২-এর রুল ৩-এর সঙ্গে পঠিত সেকশন ১৩(১২)-এর অধীনে অর্পিত ক্ষমতাবলে সারফায়েশি অ্যাক্ট, ২০০২-এর সেকশন ১৩(২)-এর অধীনে একটি দাবি বিজ্ঞপ্তি জারি করে নিম্নলিখিত ঋণগ্রহীতা এবং গ্যারান্টারকে উক্ত নোটিশে উল্লিখিত পরিমাণ অর্থ নোটিশের তারিখ থেকে ৬০ দিনের মধ্যে পরিশোধ করতে বলেন।
ঋণগ্রহীতা টাকার অঙ্ক ফেরত দিতে ব্যর্থ হওয়ায়, এতদ্দ্বারা ঋণগ্রহীতা/গ্যারান্টার এবং সাধারণভাবে জনগণকে বিজ্ঞপ্তি প্রদান করা হচ্ছে যে, নিম্নস্বাক্ষরকারী উক্ত রুলস-এর রুল ৮-এর সঙ্গে পঠিত উক্ত অ্যাক্টের সেকশন ১৩(৪) অধীনে তাঁর উপর অর্পিত ক্ষমতাবলে তাদের নামের বিপরীতে উল্লেখিত তারিখে এখানে নীচে বর্ণিত সম্পত্তির দখল নিয়েছেন।
বিশেষভাবে ঋণগ্রহীতা/গ্যারান্টার এবং সাধারণভাবে জনগণকে এতদ্দ্বারা সতর্ক করা হচ্ছে যে, তাঁরা যেন এই সম্পত্তি নিয়ে কোনওরকম লেনদেন না করেন এবং এই সম্পত্তি নিয়ে কোনওপ্রকার লেনদেন বকেয়া পরিমাণ এবং তার উপর সুদের জন্য **স্টেট ব্যাঙ্ক অফ ইন্ডিয়ার** ধার্য সাপেক্ষ হবে।
সুরক্ষিত পরিসম্পতের দায়মুক্ত হওয়ার প্রাপ্তব্য সময়ের ব্যাপারে, অ্যাক্টের সেকশন ১৩-এর সাব-সেকশন (৮)-এর বিধানাবলির প্রতি ঋণগ্রহীতার দৃষ্টি আকর্ষণ করা হচ্ছে।

অ্যাকাউন্ট/ঋণগ্রহীতার নাম ও ঠিকানা	বন্ধক/চার্জ করা সম্পত্তির বিবরণ	দাবি বিজ্ঞপ্তির তারিখ	দখলের তারিখ	বকেয়া পরিমাণ
ঋণগ্রহীতা: শ্রী সঞ্জয় রায় পিতা- তারা দাস রায়, গ্রাম- মির্জাপুর, নবপল্লী, পোঃ- বর্ধমান, থানা- বর্ধমান, জেলা- পূর্ব বর্ধমান, পশ্চিমবঙ্গ, পিন-৭১৩১০২	**সম্পত্তির মালিকের নাম শ্রী সঞ্জয় রায়,** পিতা- তারা দাস রায়, গ্রাম- মির্জাপুর, নবপল্লী, পোঃ- বর্ধমান, থানা- বর্ধমান, জেলা - পূর্ব বর্ধমান, পশ্চিমবঙ্গ, পিন-৭১৩১০২। সম্পত্তির এক ও অবিচ্ছেদ্য অংশের সকল ১৪৪০ বর্গফুট পরিমাপের বাস্তু জমি এবং তার সাথে অবস্থিত ভবন, যা প্লট নং: ১৪১৪, এল.আর. খতিয়ান নং: ৬০৩৮, জে.এল. নং: ৬৬, মৌজা মির্জাপুর, সরাইটিকর গ্রাম পঞ্চায়েতের অধীনে, থানা- দেওয়ানদিঘি এবং জেলা: পূর্ব বর্ধমান-এ অবস্থিত। যা এ.ডি.এস.আর, বর্ধমান, জেলা- পূর্ব বর্ধমানের ২০২৪ সালের নিবন্ধিত বিক্রয় দলিল নং- I-৭০২৬ এর বলে প্রাপ্ত। **সীমানা:- উত্তরে:** অন্যদের সম্পত্তি, **দক্ষিণে:** কাঁচা রাস্তা, **পূর্বে:** অন্যদের সম্পত্তি, **পশ্চিমে:** অন্যদের সম্পত্তি।	০৬.০৫.২০২৬	২৬.০৮.২০২৬	৩৬,৯৬,১৮৯.০০ টাকা (ছত্রিশ লক্ষ ছিয়ানব্বই হাজার একশো ঊননব্বই টাকা মাত্র) [৩৬,০০,২৫৭.০০ টাকা (এইচবিএল) + ৯৫,৯৩২.০০ টাকা (সুরক্ষা)] যা ০৬.০৫.২০২৬ তারিখ অনুযায়ী বকেয়া এবং তার উপর অতিরিক্ত সুদ, আনুষঙ্গিক ব্যয়, খরচ, ইত্যাদি।

তারিখ: ২৬.০৮.২০২৬
স্থান: পূর্ব বর্ধমান

অনুমোদিত অফিসার
স্টেট ব্যাঙ্ক অফ ইন্ডিয়া

SBI

এসবিআই এইচএলসি সাউথ কলকাতা (১৬২৮৬)
১ম ফ্লোর, "উইন্ডসর হাইটস" ২৭৭, উত্তর কুমড়াখালি, ই. এম. বাইপাস, কলকাতা- ৭০০১০৩, ই-মেইল: sbi.16286@sbi.co.in

ই-অকশন বিক্রয় বিজ্ঞপ্তি

অনুমোদিত অফিসারের বিবরণ: নাম: শর্মি দাশগুপ্ত, মোবাইল: ৯৬৭৪৭৯৯১৫৬/৯৮৩০৩৩৯৯০৭, ই-মেইল আইডি: sbi.16286@sbi.co.in

স্থাবর সম্পদের ক্ষেত্রে প্রযোজ্য সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস, ২০০২-এর **রুল ৮(৬)-এর অনুবিধির সাথে পঠিত রুল ৯(১)**-এর অধীনে সিকিউরিটাইজেশন অ্যান্ড রিকনস্ট্রাকশন অফ ফিনান্সিয়াল অ্যাসেটস অ্যান্ড এনফোর্সমেন্ট অফ সিকিউরিটি ইন্টারেস্ট অ্যাক্ট, ২০০২-এর অধীনে স্থাবর সম্পদ বিক্রির জন্য ই-অকশন বিক্রয় বিজ্ঞপ্তি। এতদ্দ্বারা সাধারণভাবে জনসাধারণকে এবং বিশেষ করে ঋণগ্রহীতা(গণ) / গ্যারান্টার(গণ) / বন্ধকদাতা(গণ)-কে নোটিশ দেওয়া হচ্ছে যে নীচে বর্ণিত সুরক্ষিত সম্পদ সুরক্ষিত পাওনাদারের কাছে বন্ধক/হাইপোথিকেটেড করা হয়েছে, **যার বাস্তবিক দখল** (সম্পত্তির বিবরণের বিপরীতে বিস্তারিতভাবে দেওয়া হয়েছে) স্টেট ব্যাঙ্ক অফ ইন্ডিয়া, সুরক্ষিত পাওনাদার-এর অনুমোদিত অফিসার দ্বারা নেওয়া হয়েছে, তা নীচে উল্লেখিত তারিখে **"যেখানে যেমন আছে", "যেমন আছে যা আছে"** এবং **"যাই থাক না কেন"** ভিত্তিতে বিক্রি করা হবে।

ই-অকশনের তারিখ ও সময়: ১৮.০৯.২০২৬, সময়: সকাল ১১:০০ টা থেকে বিকাল ৪:০০ টা পর্যন্ত ৩০০ মিনিট, প্রতিটি বিডের জন্য ১০ মিনিটের সীমাহীন এক্সটেনশন সহ।

ক্র. নং.	ঠিকানা সহ ঋণগ্রহীতা(দের)/ সহ-ঋণগ্রহীতা(দের)/গ্যারান্টার(দের) নাম	টাইটেল ডিড জমা দিয়ে বন্ধক রাখা সম্পত্তির বিবরণ	বকেয়া পাওনা	সংরক্ষিত মূল্য / ইএমডি ১০% / বিড বৃদ্ধির পরিমাণ
১.	**শ্রীমতী পিয়ালী রায়,** স্বামী- শ্রী ইন্দ্রজিৎ রায় **ঠিকানা ১)** বি-২০ রামগড়, ২য় ফ্লোর, পোঃ- নাকতলা, লুনা বেকারির কাছে, কলকাতা- ৭০০০৪৭ **ঠিকানা ২)** সি/ও অ্যাবে হেলথ কেয়ার প্রাইভেট লিমিটেড, ৪/১৯এ, বিদ্যাসাগর, পোঃ- নাকতলা, ৪ নং মিলনী ক্লাবের কাছে, কলকাতা- ৭০০০৪৭ **এবং শ্রী সুজয় শঙ্কর মুখার্জি, পিতা- মৃত ভূদেব চন্দ্র মুখার্জি ঠিকানা ১)** পুষ্পবীথি অ্যাপার্টমেন্ট, ফ্ল্যাট নং ০৮, এ/৮০, নিউ রায়পুর রোড, কলকাতা-৭০০০৮৪ **ঠিকানা ২)** সি/ও অ্যাবে হেলথ কেয়ার প্রাইভেট লিমিটেড, ৪/১৯এ, বিদ্যাসাগর, পোঃ- নাকতলা, ৪ নং মিলনী ক্লাবের কাছে, কলকাতা-৭০০০৪৭	আংশিক জি+২ তলা এবং আংশিক সোজা ৩ তলা ভবনের গ্রাউন্ড ফ্লোরে অবস্থিত ফ্ল্যাট নং "জি-১" চিহ্নিত আবাসিক ফ্ল্যাটের সম্পত্তির এক ও অবিচ্ছেদ্য অংশের সকল, যার সুপার বিল্ট-আপ এরিয়া প্রায় **৭৮৫ বর্গফুট,** কম বা বেশি হতে পারে, এবং গ্রাউন্ড ফ্লোরে একটি কার পার্কিং স্পেস, যার সুপার বিল্ট-আপ এরিয়া প্রায় **১৪৫ বর্গফুট,** কম বা বেশি হতে পারে, এর সাথে সংযুক্ত সমস্ত সাধারণ এলাকা ও সুযোগ-সুবিধা সহ উক্ত ফ্ল্যাটের সাথে সম্পর্কিত জমির আনুপাতিক অবিভক্ত অংশ/স্বার্থ, যা কলকাতা মিউনিসিপ্যাল কর্পোরেশনের প্রাঙ্গণ নং ৮৭/১২/২৩১ডি, রাজা সুবোধ চন্দ্র মল্লিক রোড, অনুরূপ ডাক প্রাঙ্গণ নং ডি-৭৯, রামগড় কলোনি-তে অবস্থিত। থানা - নেতাজি নগর, কলকাতা - ৭০০০৪৭, কলকাতা মিউনিসিপ্যাল কর্পোরেশনের ১০০ নং ওয়ার্ডের মধ্যে, জেলা দক্ষিণ ২৪ পরগনা। **সম্পত্তির সীমানা নিম্নরূপ: উত্তরে:** ১৫ ফুট চওড়া রাস্তা, **পূর্বে:** ই.পি নং ৪৭৭/এ, **দক্ষিণে:** ই.পি নং ৪৭৬, **পশ্চিমে:** ১৩ ফুট ২ ইঞ্চি চওড়া রাস্তা। দলিলের বিবরণ: এ.ডি.এস.আর আলিপুর, পশ্চিমবঙ্গে ২০১৬ সালের জন্য ১৬০৫০২০০১ নম্বর দলিল হিসেবে বুক - I, ভলিউম নম্বর ১৬০৫-২০১৬, পৃষ্ঠা ৫৫০২৬	২১,০৯,৭৭২.০০/- টাকা (একুশ লক্ষ নয় হাজার সাতশো বাহাত্তর টাকা মাত্র) যা ১৭.১২.২০২৫ তারিখ অনুযায়ী বকেয়া এবং ১৮.১২.২০২৫ তারিখ থেকে অতিরিক্ত সুদ, এবং তার উপর খরচ ইত্যাদি।	২৮,৮৬,০০০.০০ টাকা / ২,৮৮,৬০০.০০ টাকা / ১০,০০০/- টাকা

থেকে ৫৫০৫৪-এ নিবন্ধিত।
মালিক:- ১. শ্রীমতী পিয়ালী রায়, পিতা- মৃত চিত্তরঞ্জন বনিক এবং স্বামী- শ্রী ইন্দ্রজিৎ রায়, ২. শ্রী সুজয় শঙ্কর মুখার্জি, পিতা- ভূদেব চন্দ্র মুখার্জি।

দখলের ধরন:- বাস্তবিক **পরিদর্শনের তারিখ:- ১৪.০৯.২০২৬**

a) বিক্রয়ের বিস্তারিত নিয়ম ও শর্তাবলীর জন্য, অনুগ্রহ করে স্টেট ব্যাঙ্ক অফ ইন্ডিয়া, সুরক্ষিত পাওনাদার-এর ওয়েবসাইট www.sbi.co.in এবং নির্দিষ্ট ই-অকশনের জন্য তৈরি করা লিঙ্ক:- https://BAANKNET.com দেখুন।
b) ইচ্ছুক বিডার/দের পিএসবি অ্যালায়েন্স প্রাইভেট লিমিটেড -এর কাছে রক্ষণাবেক্ষণ করা তাঁর বিডার অ্যাকাউন্টে জেনারেট করা চালানের মাধ্যমে তাঁর ব্যাঙ্ক অ্যাকাউন্ট থেকে এনইএফটি/আরটিজিএস ট্রান্সফারের মাধ্যমে নিলামের তারিখের আগেই ইএমডি পরিমাণ স্থানান্তর করতে হবে। যেকোনো প্রশ্নের জন্য অনুগ্রহ করে যোগাযোগ করুন:- support.baanknet@psballiance.com
ইচ্ছুক বিডারকে নিলাম প্রক্রিয়ায় অংশ নেওয়ার আগে উপরে উল্লিখিত সাইটগুলিতে আপলোড করা বিস্তারিত নিয়ম ও শর্তাবলী ভালোভাবে পড়ে নেওয়ার পরামর্শ দেওয়া হচ্ছে।

তারিখ: ২৮.০৮.২০২৬
স্থান: কলকাতা

অনুমোদিত অফিসার,
স্টেট ব্যাঙ্ক অফ ইন্ডিয়া

বিজ্ঞাপনের জন্য যোগাযোগ করুন ৯৮৩১৯১৯৭৯১

5 STAR SUPER COLOUR A Product of MSL INDIA
MANAKSIA STEELS LIMITED An ISO 9001 : 2015 Company
5 STAR SUPERLUME A Product of MSL INDIA

কর্পোরেট আইডেন্টিফিকেশন নম্বর : L27101WB2001PLC138341
নিবন্ধিত কার্যালয় : টার্নার মরিসন বিল্ডিং, ৬ লায়ন্স রেঞ্জ, ১ম ফ্লোর, কলকাতা - ৭০০ ০০১
ফোন নং : ০৩৩-২২৩১ ০০৫৫/৫৬
ইমেইল : info.steels@manaksiasteels.com ওয়েবসাইট : www.manaksiasteels.com

২৫তম বার্ষিক সাধারণ সভার বিজ্ঞপ্তি

এতদ্বারা বিজ্ঞপ্তি দেওয়া যাচ্ছে যে, মানাকসিয়া স্টিলস লিমিটেড (''কোম্পানি'')-এর সদস্যদের ২৫তম (পঁচিশতম) বার্ষিক সাধারণ সভা (''এজিএম'') কোম্পানি আইন, ২০১৩-এর প্রযোজ্য সমস্ত বিধানসমূহ এবং এর অধীনে প্রণীত বিধিমালা এবং কর্পোরেট বিষয়ক মন্ত্রণালয় (''এমসিএ'')-এর ৮ই এপ্রিল, ২০২০ তারিখের সার্কুলার নং ১৪/২০২০, ১৩ এপ্রিল, ২০২০ তারিখের সার্কুলার নং ১৭/২০২০, ০৫ মে, ২০২০ তারিখের সার্কুলার নং ২০/২০২০, ০৫ মে, ২০২২ তারিখের সার্কুলার নং ০২/২০২২ এবং এই বিষয়ে জারি করা পরবর্তী সার্কুলারগুলি, যার মধ্যে সর্বশেষটি হল ২২ সেপ্টেম্বর, ২০২৫ তারিখের সার্কুলার নং ০৩/২০২৫ এবং সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ বোর্ড অফ ইন্ডিয়া (''সেবি'')-এর ০৫ জুন, ২০২৫ তারিখের সার্কুলার নং SEBI/HO/DDHS/DDHS-PoD-1/P/CIR/2025/83 (সম্মিলিতভাবে ''সার্কুলারসমূহ'' হিসাবে উল্লেখ করা হয়েছে)-এর সাথে পঠিত সেবি (লিস্টিং অবলিগেশনস অ্যান্ড ডিসক্লোজার রিকোয়ারমেন্টস) রেগুলেশনস, ২০১৫ ('সেবি লিস্টিং রেগুলেশনস') মেনে একটি সাধারণ স্থানে সদস্যদের সশরীরে উপস্থিতি ছাড়াই এজিএম আহ্বানের বিজ্ঞপ্তিতে উল্লিখিত বিষয়াদি সম্পাদনের জন্য আগামী **বুধবার, ২৩ সেপ্টেম্বর, ২০২৬ তারিখে বিকেল ৩টায় (আইএসটি)** ভিডিও কনফারেন্সিং (''ভিসি'')/অন্যান্য অডিও ভিজ্যুয়াল মাধ্যম (''ওএভিএম'')-এর মাধ্যমে অনুষ্ঠিত হবে।

এতদ্বারা সদস্যদের জানানো যাচ্ছে যে প্রাসঙ্গিক সার্কুলারগুলি মেনে, কোম্পানি গত ২৭ আগস্ট, ২০২৬ তারিখে শুধুমাত্র বৈদ্যুতিন মোডের মাধ্যমে কোম্পানির সেই সমস্ত সদস্যদের ২০২৫-২৬ আর্থিক বছরের এজিএম-এর বিজ্ঞপ্তি এবং বার্ষিক প্রতিবেদন পাঠিয়েছে যাদের ইমেইল ঠিকানা কোম্পানির কাছে/রেজিস্ট্রার অ্যান্ড শেয়ার ট্রান্সফার এজেন্ট (আরটিএ)/ডিপোজিটরি পার্টিসিপেন্টদের (ডিপি) কাছে নিবন্ধিত রয়েছে, সাথে তা অ্যাক্সেস করার ওয়েবলিঙ্কও পাঠিয়েছে। আরও, সেবি লিস্টিং রেগুলেশনস-এর রেগুলেশন ৩৬(১)(বি) অনুসারে, যে সমস্ত শেয়ারহোল্ডারদের ই-মেইল ঠিকানা কোম্পানি/আরটিএ/ডিপি-র কাছে নিবন্ধিত নেই, তাদের একটি ওয়েবলিঙ্ক প্রদানকারী চিঠি পাঠানো হচ্ছে, যার মধ্যে সঠিক পাথ অন্তর্ভুক্ত থাকবে, যেখানে বার্ষিক প্রতিবেদনের (বিজ্ঞপ্তি সহ) সম্পূর্ণ বিবরণ উপলব্ধ রয়েছে।

২০২৫-২৬ আর্থিক বছরের বিজ্ঞপ্তি এবং বার্ষিক প্রতিবেদন কোম্পানির ওয়েবসাইট www.manaksiasteels.com-এ এবং যে স্টক এক্সচেঞ্জগুলিতে কোম্পানির ইক্যুইটি শেয়ারগুলি তালিকাভুক্ত রয়েছে অর্থাৎ www.bseindia.com এবং www.nseindia.com-এ উপলব্ধ রয়েছে। বিজ্ঞপ্তিটি ন্যাশনাল সিকিউরিটিজ ডিপোজিটরি লিমিটেড ('এনএসডিএল') (ই-ভোটিং সুবিধা প্রদানের জন্য নিযুক্ত সংস্থা)-এর ই-ভোটিং ওয়েবসাইট অর্থাৎ www.evoting.nsdl.com-এও উপলব্ধ রয়েছে।

যে সমস্ত সদস্য তাদের ইমেইল ঠিকানা (ফিজিক্যাল ফর্মে শেয়ার ধারণকারী সদস্য সহ) কোম্পানি/ডিপি-র কাছে নিবন্ধন করেননি, তাদের এজিএম আহ্বানের বিজ্ঞপ্তিতে নির্দিষ্ট করা পদ্ধতিতে তা আপডেট করার জন্য অনুরোধ করা হচ্ছে। সভার সাথে সম্পর্কিত অন্যান্য বিবরণের জন্য সদস্যদের গত ১১ আগস্ট, ২০২৬ তারিখে কোম্পানির দ্বারা বিজনেস স্ট্যান্ডার্ড (ইংরেজি) এবং একদিন (বাংলা)-এ প্রকাশিত সংবাদপত্রের প্রকাশনাটি দেখার জন্যও অনুরোধ করা হচ্ছে। উক্ত বিজ্ঞাপনগুলি কোম্পানির ওয়েবসাইটে এবং যে স্টক এক্সচেঞ্জগুলিতে কোম্পানির ইক্যুইটি শেয়ারগুলি তালিকাভুক্ত রয়েছে তাদের ওয়েবসাইটেও উপলব্ধ রয়েছে।

কোম্পানি আইন, ২০১৩-এর ধারা ১০৮-এর বিধানের সাথে পঠিত কোম্পানি (ম্যানেজমেন্ট অ্যান্ড অ্যাডমিনিস্ট্রেশন) রুলস, ২০১৪-এর বিধি ২০, সাধারণ সভার সেক্রেটারিয়াল স্ট্যান্ডার্ড-২ এবং সেবি লিস্টিং রেগুলেশনস-এর রেগুলেশন ৪৪ অনুসারে ২৫তম এজিএম-এর বিজ্ঞপ্তিতে আচ্ছাদিত রেজোলিউশনগুলি রিমোট ই-ভোটিংয়ের (এজিএম-এর স্থান ব্যতীত অন্য কোনো স্থান থেকে ভোট দেওয়ার সুবিধা) মাধ্যমে সম্পাদিত হবে। ই-ভোটিং প্ল্যাটফর্ম প্রদানের জন্য কোম্পানি দ্বারা এনএসডিএল -কে নিযুক্ত করা হয়েছে। ই-ভোটিংয়ের সুবিধাও এজিএম-এ উপলব্ধ থাকবে এবং যে সমস্ত সদস্য রিমোট ই-ভোটিংয়ের মাধ্যমে তাদের ভোট দেননি এবং অন্যথায় তা করতে বাধা পাননি, তারা এজিএম-এ ভোট দিতে পারবেন।

কাট-অফ তারিখ অর্থাৎ বুধবার, ১৬ সেপ্টেম্বর, ২০২৬ তারিখে যে সমস্ত সদস্যের নাম কোম্পানির রেজিস্টার অফ মেম্বারস-এ বা ডিপোজিটরিদের দ্বারা রক্ষণাবেক্ষণ করা বেনিফিসিয়াল ওনারদের তালিকায় নথিভুক্ত থাকবে, তারা রিমোট ই-ভোটিংয়ের মাধ্যমে বা এজিএম-এ ই-ভোটিংয়ের মাধ্যমে তাদের ভোট দেওয়ার অধিকারী হবেন। যে ব্যক্তি কাট-অফ তারিখে সদস্য নন, তার এজিএম-এর বিজ্ঞপ্তিটিকে শুধুমাত্র তথ্যের উদ্দেশ্যে বলে গণ্য করা উচিত। এজিএম-এর বিজ্ঞপ্তি পাঠানোর পর কিন্তু কাট-অফ তারিখে বা তার আগে কোম্পানির সদস্য হওয়া ব্যক্তিরা রিমোট ই-ভোটিংয়ের জন্য ইউজার আইডি এবং পাসওয়ার্ডের অনুরোধ করে এনএসডিএল-কে evoting@nsdl.com বা compliance@mdpicorporate.com-এ লিখতে পারেন। তবে রিমোট ই-ভোটিংয়ের জন্য এনএসডিএল-এর কাছে ইতিমধ্যে নিবন্ধিত সদস্যরা এই উদ্দেশ্যে তাদের বিদ্যমান ইউজার আইডি এবং পাসওয়ার্ড ব্যবহার করতে পারেন।

রিমোট ই-ভোটিংয়ের সময়কাল শনিবার, ১৯ সেপ্টেম্বর, ২০২৬ সকাল ০৯০০ টায় (আইএসটি) শুরু হবে এবং মঙ্গলবার, ২২ সেপ্টেম্বর, ২০২৬ বিকেল ৫ টায় (আইএসটি) শেষ হবে, এরপর রিমোট ই-ভোটিং এনএসডিএল দ্বারা ব্লক করা হবে। আরও, একবার কোনো সদস্য কর্তৃক রেজোলিউশনের ওপর ভোট দেওয়া হয়ে গেলে, তা পরবর্তীতে পরিবর্তন করার অনুমতি দেওয়া হবে না। যে সদস্যরা রিমোট ই-ভোটিংয়ের মাধ্যমে তাদের ভোট দিয়েছেন তারা সভায় উপস্থিত থাকতে পারেন তবে সভায় পুনরায় তাদের ভোট দেওয়ার অধিকারী হবেন না।

সদস্যদের এজিএম-এর বিজ্ঞপ্তিতে দেওয়া সমস্ত নোট এবং বিশেষ করে ভার্চুয়াল সভায় যোগদানের নির্দেশাবলী, রিমোট ই-ভোটিং/এজিএম চলাকালীন ই-ভোটিংয়ের মাধ্যমে ভোট দেওয়ার পদ্ধতি মনোযোগ সহকারে পড়ার জন্য অনুরোধ করা হচ্ছে।

ই-ভোটিং বা ভিসি/ওএভিএম-এর মাধ্যমে সভায় যোগদান সম্পর্কিত কোনো জিজ্ঞাসা থাকলে, সদস্যরা www.evoting.nsdl.com-এর ডাউনলোড বিভাগে উপলব্ধ শেয়ারহোল্ডারদের জন্য সচরাচর জিজ্ঞাস্য প্রশ্নাবলী (এফএকিউএস) এবং শেয়ারহোল্ডারদের জন্য ই-ভোটিং ইউজার ম্যানুয়াল দেখতে পারেন অথবা ০২২-৪৮৮৬ ৭০০০ নম্বরে কল করতে পারেন অথবা শ্রী প্রীতম দত্ত, সিনিয়র ম্যানেজার-এর কাছে pritamd@nsdl.com/evoting@nsdl.com-এ অনুরোধ পাঠাতে পারেন।

একটি সুষ্ঠু ও স্বচ্ছ পদ্ধতিতে রিমোট ই-ভোটিং এবং এজিএম চলাকালীন ভোটিং প্রক্রিয়াটি স্ক্রুটিনাইজ করার জন্য বিনোদ কোঠারি অ্যান্ড কোম্পানি, প্র্যাকটিসিং কোম্পানি সেক্রেটারিজ, কলকাতা-কে স্ক্রুটিনাইজার হিসেবে নিযুক্ত করা হয়েছে। ভোটের ফলাফল শুক্রবার, ২৫ সেপ্টেম্বর, ২০২৬ তারিখে বা তার আগে ঘোষণা করা হবে। ঘোষিত ফলাফল স্ক্রুটিনাইজারের রিপোর্ট সহ তাৎক্ষণিকভাবে কোম্পানির কর্পোরেট ওয়েবসাইট www.manaksiasteels.com-এ এবং এনএসডিএল-এর ই-ভোটিং ওয়েবসাইটে উপলব্ধ হবে। এই ফলাফল কোম্পানির দ্বারা ন্যাশনাল স্টক এক্সচেঞ্জ অফ ইন্ডিয়া লিমিটেড এবং বিএসই লিমিটেড-এর কাছেও ফরোয়ার্ড করা হবে।

বোর্ড-এর আদেশে
মানাকসিয়া স্টিলস লিমিটেড-এর পক্ষে
স্বা/-
অজয় শর্মা
কোম্পানি সেক্রেটারি

স্থান : কলকাতা
তারিখ : ২৭.০৮.২০২৬